

# আমি প্রস্তুত! জরুরি সংস্করণ\*

ভূমিকা: জরুরি পরিস্থিতি যেকোনো সময় বিনা নোটিশে দেখা দিতে পারে। আপনার পরিবারের সব সদস্যেরই এমন সব ব্যক্তিগত চাহিদা থাকতে পারে যেগুলো পূরণ করা জরুরি পরিস্থিতির সাড়া দানের উপযুক্ত প্রস্তুতির জন্য আবশ্যিক। জরুরি কোনো পরিস্থিতি মোকাবেলার প্রস্তুতি কীভাবে নেওয়া উচিত তার ওপর বয়স, অক্ষমতা, লিঙ্গ, স্বাস্থ্যের অবস্থা, ভাষাগত চাহিদা ইত্যাদি বিষয়গুলোর কেমন প্রভাব পড়তে পারে তা নিয়ে ভাবুন। প্রস্তুতি ও সাড়া দানের ক্ষেত্রে মানুষের যে বিভিন্ন রকমের চাহিদা থাকতে পারে তা দেখানোর জন্য আলাদা আলাদা ৪টি বিপর্যয়ের দৃশ্য কল্পনা করুন।

## দুর্যোগের ঝুঁকি

## হ্রাসকরণ কার্যক্রম

### সময়

১ ঘন্টা

### জটিলতা

সহজ-মাঝারি

### সরঞ্জাম

পোস্টার বোর্ড, মার্কার,  
কলম

\*এই কার্যক্রমটি

লিমিটলেস প্রজেক্টের

[পিলস ওয়েবের](#) সাথে যুক্ত

ধারাবাহিক শিক্ষার পরবর্তী

অংশ হিসাবে তৈরি করা

হয়েছে।

### ধাপ ১

কেউ সম্ভাব্য জরুরি অবস্থায় রয়েছে এমন আলাদা আলাদা ৪টি বিপর্যয়ের দৃশ্য কল্পনা করুন।

- দৈনন্দিন জীবনে ঘটতে পারে এমন জরুরি অবস্থার কথা ভাবার চেষ্টা করুন। সমুদ্র সৈকত, পর্বত, শহর, স্কুল ইত্যাদি জায়গায় কী কী ধরনের বিপর্যয় ঘটতে পারে?
- এমন কিছু চরিত্র কল্পনা করুন যাদের নানা রকমের চাহিদা রয়েছে:
  - নৃতাত্ত্বিক গোষ্ঠী, বয়স, লিঙ্গ, অক্ষমতা ইত্যাদি।
- বিপর্যয়কর বিভিন্ন পরিস্থিতিতে কী কী ধরনের জরুরি জিনিসপত্র লাগবে তা চিন্তা করুন।

### ধাপ ২

প্রত্যেকের ব্যক্তিগত চাহিদার কথা মাথায় রেখে প্রতিটি দৃশ্যে তাদের দৃষ্টিকোণ থেকে তাদের বক্তব্য সংলাপ আকারে লিখুন (স্পিচ বাবল আঁকুন)। এই বিষয়গুলো ভাবুন:

- কী ঘটেছে?
- আমার কী কী দরকার?
- আমি কী কী করার আছে?

